# পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি

রংপুর রোড, গোকুল, বগুড়া

## *নিয়োগ বিজ্ঞপ্তি*

পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এর বিভিন্ন বিভাগে আকর্ষণীয় বেতনে একাডেমিক ও প্রশাসনিক জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য ও অভিজ্ঞ (পিএইচ.ডি ডিগ্রীধারীগণ অগ্রাধিকারযোগ্য) বাংলাদেশী পুরুষ/মহিলা নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা হচ্ছে।

| ক্র. নং | পদের নাম | বিষয় ও পদসংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | অধ্যাপক (স্থায়ী/চুক্তিভিত্তিক) | • সিএসই-১টি<br>• সিই-১টি<br>• ইসলামিক স্টাডিজ-১টি<br>• আইন-১টি<br>• ব্যবসায় প্রশাসন-১টি | ***অধ্যাপক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:***<br>(i) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দুটি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণি/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ১২ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭টি। **অথবা,**<br>(ii) সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মোট ১৮ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৬ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ৫টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭টি। **অথবা,**<br>(iii) সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। ন্যনতম ৩টি ১ম শ্রেণি/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মোট ২০ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে ৭টি সহকারী অধ্যাপক হিসেবে। |
| ২. | সহযোগী অধ্যাপক (স্থায়ী/চুক্তিভিত্তিক) | • সিএসই-১টি<br>• সিই-১টি<br>• ইসলামিক স্টাডিজ-১টি<br>• আইন-১টি<br>• ইংরেজী-১টি<br>• শিক্ষা-১টি<br>• ব্যবসায় প্রশাসন-১টি | ***সহযোগী অধ্যাপক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:***<br>(i) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দুটি ১ম শ্রেণী/ বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণি/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে ৭ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসেবে। মোট ৫টি প্রকাশনা থাকতে হবে ৩টি সহকারী অধ্যাপক হিসেবে। **অথবা,**<br>(ii) সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে নূন্যপক্ষে ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ৪ বছর সহকারী অধ্যাপক হিসেবে ৫টি প্রকাশনা থাকতে হবে; ৩টি সহকারী অধ্যাপক হিসেবে। কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সি গ্রেড গ্রহণযোগ্য হবে না। **অথবা,**<br>(iii) সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। ন্যনতম ৩টি ১ম শ্রেণি/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে নূন্যপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; তন্মধ্যে ৪ বছর সহকারী অধ্যাপক হিসেবে। ৬টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ৪টি। |
| ৩. | সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা | রেজিস্ট্রার দপ্তর-১টি | ***সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:***<br>সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা পদে প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রণীসহ স্নাতকোত্তর ডিগ্রী/৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে। প্রার্থীকে ইন্টারনেট, ই-মেইল, স্ক্যানারসহ কম্পিউটার কাজে পারদর্শি হতে হবে। সরকারি/বেসরকারি কোন প্রতিষ্ঠানে প্রশাসনিক কর্মকর্তা/সমমানের পদে কমপক্ষে ০৪ (চার) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।<br>***প্রশাসনিক কর্মকর্তা পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:***<br>প্রশাসনিক কর্মকর্তা পদে প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রণীসহ স্নাতকোত্তর ডিগ্রী/৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে। প্রার্থীকে ইন্টারনেট, ই-মেইল, স্ক্যানারসহ কম্পিউটার কাজে পারদর্শি হতে হবে। সরকারি/বেসরকারি কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ০২ (দুই) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। |

| ক্র. নং | পদের নাম | বিষয় ও পদসংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ৪. | ল্যাব এ্যাসিস্ট্যান্ট | সিএসই-১টি | প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণীসহ সিএসই অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পাশ হতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। কোন প্রতিষ্ঠানে ল্যাব সহকারী হিসেবে কমপক্ষে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ পাশসহ ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে হার্ডওয়্যার ও সফ্টওয়্যার কাজে অভিজ্ঞ হতে হবে। অভিজ্ঞদের ক্ষেত্রে যোগ্যতা শিথীলযোগ্য। |
| | | রসায়ন-১টি | প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণীসহ রসায়ন বিষয়ে স্নাতক পাশ হতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। কোন প্রতিষ্ঠানে ল্যাব সহকারী হিসেবে কমপক্ষে ২ (দুই) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, প্রার্থীকে সংশ্লিস্ট বিষয়ে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ পাশসহ ৪ (চার) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে যোগ্যতা শিথিলযোগ্য। |

বিঃ দ্র. (ক্রমিক- ১ ও ২ এর জন্য প্রযোজ্য) ঃ

(১) এ গ্রেড=১ম বিভাগ (এসএসসি ও এইচএসসি'র ক্ষেত্রে জিপিএ-৫.০০ এর মধ্যে ৪.০০; অনার্স ও মাষ্টার্স এর ক্ষেত্রে সিজিপিএ-৪.০০ এর মধ্যে ৩.৫০ বোঝাবে।

(২) শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড এবং পাশ কোর্স গ্রহণযোগ্য হবে না।

(৩) পিএইচ.ডি/এম.ফিল ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

## নির্দেশনা:

- প্রার্থীকে কভার লেটারসহ নির্ধারিত CV Format অনুযায়ী পূর্ণাঙ্গ CV পূরণপূর্বক অথবা তথ্য সম্বলিত CV আবেদনের সাথে সংযুক্ত করতে হবে (CV Format বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে Download করা যাবে)।
- প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্টস্, অভিজ্ঞতার সনদ, সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, NID'র ফটোকপিসহ প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে যে কোন তফ্শীলভুক্ত ব্যাংক হতে ১-৩ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ৪ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার-এর মূলকপি সংযুক্ত করতে হবে।
- ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর শিরোনাম: "পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি"।
- আবেদনপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমার শেষ তারিখ: ১০.০২.২০২৬ খ্রি.।
- খামের উপর প্রার্থীত পদের নাম অবশ্যই স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
- সাক্ষাৎকারের জন্য প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৯/০১/২০২৬

রেজিস্ট্রার

পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি

রংপুর রোড, গোকুল, বগুড়া।

যোগাযোগ: ০১৩১৩-৩৭৭০৭২, ০১৭১৮-১৯৮০৫৪

ওয়েবসাইট: www.pundrauniversity.ac.bd